



দেশের অর্থনীতির পরিস্থিতি আগের চেয়ে শক্তিশালী: অর্থ উপদেষ্টা



সংগৃহীত ছবি

অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ বলেছেন, দেশের অর্থনৈতিক সূচকগুলো গত বছরের তুলনায় উল্লেখযোগ্যভাবে উন্নতি করেছে। রিজার্ভ, রেমিট্যান্স ও রফতানি বৃদ্ধি পেয়েছে এবং আন্তর্জাতিক মুদ্রা তহবিল (আইএমএফ)ও বর্তমান অবস্থার স্বীকৃতি দিয়েছে।

রোববার (১৬ নভেম্বর) রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে ঢাকা রিপোর্টার্স ইউনিটির (ডিআরইউ) বেস্ট রিপোর্টিং অ্যাওয়ার্ড অনুষ্ঠানে তিনি এসব তথ্য জানান। তিনি উল্লেখ করেন, মূল্যস্ফীতি ১৪ শতাংশ থেকে ৮ শতাংশে নামায় দেশের অর্থনৈতিক স্থিতিশীলতা স্পষ্টভাবে প্রতিফলিত হচ্ছে। দেশের সমস্যা নিজেসই সমাধান করার গুরুত্বের কথাও তিনি শোনান এবং আর্থিক উন্নয়নের পাশাপাশি সামাজিক উন্নয়নের প্রয়োজনীয়তাও তুলে ধরেন।

অনুষ্ঠানে ডিআরইউ বিভিন্ন ক্যাটাগরিতে সেরা প্রতিবেদনের জন্য সাংবাদিকদের অ্যাওয়ার্ড প্রদান করে। টিভি ক্যাটাগরিতে যমুনা টেলিভিশনের সিনিয়র রিপোর্টার আলমগীর হোসেনকে সেরা প্রতিবেদনের জন্য সম্মাননা দেওয়া হয়।